

# আমাকে কেন স্থানান্তরিত করা হচ্ছে?

আপনি জানেন যে অবশিষ্ট দেশ ও বিশ্বের বেশির ভাগ জায়গার সাথে নিউ ইয়র্ক সিটিও জনস্বাস্থ্য সংক্রান্ত একটি আপৎকালের মধ্যে দিয়ে যাচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের বৃহত্তম স্বাস্থ্য ব্যবস্থাগুলির মধ্যে অন্যতম হিসেবে, মাউন্ট সিনাই হেলথ সিস্টেমকে (Mount Sinai Health System) বলা হয়েছে আমাদের রোগী ও পার্শ্ববর্তী জনসমাজগুলির স্বাস্থ্য ও কল্যাণকে রক্ষা করার জন্য আমাদের পক্ষে যা কিছু সম্ভব সব কিছু করতে।

আমাদের দলটি আপনাকে সর্বোত্তম উপলব্ধ স্থানে সেরা পরিচর্যা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। এর অন্তর্ভুক্ত হল মাউন্ট সিনাই হেলথ সিস্টেম (Mount Sinai Health System) জুড়ে সব সম্ভাব্য স্থানগুলিকে বিবেচনা করা। আপনার নিরাপত্তাকেই আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার করে তুলতে আমরা দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

আপনার নিরাপত্তা ও ভাল থাকাকে মাথায় রেখে, আপনার চিকিৎসাকারী দল আপনাকে

মাউন্ট সিনাই হেলথ সিস্টেমের (Mount Sinai Health System) ভিতরে অন্য একটি সুবিধায় স্থানান্তরিত করার সিদ্ধান্ত নিয়েছে। আমরা আপনাকে উচ্চ মানের চিকিৎসা পরিচর্যা দেওয়া চালিয়ে যাবো যাতে আপনি যথাসম্ভব দ্রুত সেরে উঠতে পারেন।

আমরা এই পুরো সময় ধরে আপনার সহযোগিতা ও ধৈর্যের প্রশংসা করি।



**Mount  
Sinai**